BANGLADESH ARMY UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY (BAUET)
QADIRABAD, DAYARAMPUR, NATORE-6431
PHONE: 02588-879775, Mobile: 01708-503503
Website: www.bauet.ac.bd, e-mail: registrarbauet@gmail.com

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

BAUET/এ/০০১/(১১)/২০২৬- ১৫২০৯ তারিখঃ ০৬ ফেব্রুয়ারি ২০২৬

নোটিশ

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নিবার্চন উপলক্ষে দেশের প্রচলিত আইন-কানুন মেনে মোটর সাইকেল ব্যবহার এবং দুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন প্রসংগে

১। উপরোক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকল শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী এবং কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্দিষ্ট সময়ের জন্য বিভিন্ন ধরণের যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ করে পরিপত্র (ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬) জারী করেছে। এই নিষেধাজ্ঞার আওতায় সারাদেশে আগামী ১০ ফেব্রুয়ারি রাত ১২টা থেকে ১৩ ফেব্রুয়ারি রাত ১২টা পর্যন্ত মোট ৭২ ঘন্টা মোটরসাইকেল চলাচল বন্ধ থাকবে। অত্র বিশ্ববিদ্যালয়ের সকলকে উক্ত নিষেধাজ্ঞা যথাযথ অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো। অন্যথায় মোটরসাইকেল ব্যবহারকারীকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা কর্মীদের হাতে হেনস্থাসহ আইন শৃঙ্খলা ভঙ্গের জন্য গ্রেফতার হওয়ার সম্ভাবনা রয়েছে।

২। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে দেশের প্রচলিত আইন-কানুন মেনে মোটর সাইকেল ব্যবহার এবং দুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনসহ নিম্নোক্ত নির্দেশনা যথাযথ অনুসরণ করার জন্য বলা হলোঃ

ক। মোটর সাইকেলের লাইসেন্স এবং চালকের নিজের ড্রাইভিং লাইসেন্স এর কপি সঙ্গে রাখতে হবে।

খ। মোটর সাইকেলের রেজিষ্ট্রেশন, ট্যাক্স টোকেন এবং এতদ্সংক্রান্ত অন্যান্য কাগজপত্রের কপি সঙ্গে রাখতে হবে।

গ। মোটর সাইকেল ব্যবহারকারীকে অবশ্যই হেলমেট ব্যবহার করতে হবে।

২। বিষয়টি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ মনজিনুল মুবীন
মেজর (অবঃ)
ডেপুটি রেজিস্ট্রার (এডমিন)
পক্ষে উপাচার্য

বিতরণঃ
অভ্যন্তরীণঃ
কার্যক্রমঃ
সকল বিভাগীয় প্রধানগণ (একাডেমিক ও প্রশাসনিক)
প্রক্টর
সকল নোটিশ বোর্ড
BAUET ওয়েবসাইট
অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
পরীক্ষা নিয়ন্ত্রক
IQAC

File: Notice (PC-2, G)